

নির্বাহী আদেশ

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত  
আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন, অতএব, আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যে কোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা তার অংশগুলো সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাধা দেয় বা বিলম্ব করায় বা এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগিতা করার ক্ষেত্রে তা করার প্রয়োজন হলে, আমি এতদ্বারা এই কার্যনির্বাহী আদেশ 202.15 এবং তার পরবর্তী নির্বাহী আদেশ 202.21 এবং 202.29 সহ কোন পরবর্তী নির্বাহী আদেশ এর দ্বারা আরোপিত কোন আইনের ও নির্দেশিকার স্থগিতকরণ এবং পরিবর্তনগুলি অব্যাহত রাখছি যা কোন পরবর্তী নির্দেশিকার দ্বারা অতিক্রম করা হয়নি এবং তার সাথে নির্বাহী আদেশ 202.39 এ অব্যাহত রাখা ও ধারণ করা নির্বাহী আদেশ 202.29 অব্যাহত রাখছি আরো ত্রিশ দিনের জন্য 06 আগস্ট 2020 অবধি, নিম্নলিখিতগুলি ব্যতিত:

- নিম্নলিখিত আইন এবং বিধির স্থগিতাদেশ অথবা পরিবর্তনগুলি অব্যাহত থাকছে না এবং এই সকল আইন এবং বিধি পূর্ণ শক্তিতে বলবত এবং কার্যকর থাকছে 8 জুলাই 2020 থেকে:
  - 10 NYCRR 5-6.12(a)(4);
  - ধর্মীয় কর্পোরেশন আইন (Religious Corporations Law) §§ 43, 45, যেমন এই ধরনের স্থগিতাদেশ 2020 আইনের 122 অধ্যায় দ্বারা অতিক্রম করা হয়েছে;
  - পরিবেশ সংরক্ষণ আইনের (Environmental Conservation Law) আর্টিকেল 3, 8, 9, 13, 15, 17, 19, 23, 24, 25, 27, 33, 34, 35, 37 এবং 75 এবং 6 এবং NYCRR এর অংশ 552, 550, 601, এবং 609, সেই পরিসর অবধি পরিবর্তন করা যা প্রয়োজন পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) শুনানির প্রয়োজনীয়তা স্থগিত করার জন্য, এই শর্তে যে জনসাধারণের মন্তব্য গৃহীত হবে হয় বৈদ্যুতীনভাবে অথবা ডাকযোগে;
  - রিয়েল প্রপার্টি এন্ড প্রসিডিংস ল্য (Real Property and Proceedings Law) § 711, রিয়েল প্রপার্টি ল্য (Real Property Law) § 232-a, এবং একাধিক আবাসন আইন (Multiple Dwelling Law) § 4(8) এবং (9);
  - নট ফর প্রফিট কর্পোরেশন আইন (Not for Profit Corporation Law) § 1517; 19 NYCRR 203.3, 203.6, 203.13; 10 NYCRR 77.7(a)(1);
  - নট ফর প্রফিট কর্পোরেশন আইন (Not for Profit Corporation Law) § 1517; 19 NYCRR 203.3, 203.6, 203.13; 10 NYCRR 77.7(a)(4); এবং
  - জনস্বাস্থ্য আইন (Public Health Law) §§ 4140; 4144; নট ফর প্রফিট কর্পোরেশন আইন (Not for Profit Corporation Law) § 1502, 1517, 19 NYCRR 203.1, 203.4, 203.8, 203.13; 10 NYCRR 13.11

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের নিজস্ব

সিলমোহর সহ দুই হাজার বিশ সালের জুলাই

মাসের সপ্তম দিনে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব